গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৬২/২০১৯-২০২০
ঢাকা ৭ ফেব্রুয়ারি শুক্রবার ২০২০, ২৪ মাঘ ১৪২৬

### আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রোহিঙ্গাদের প্রত্যাবাসনে ইইউর সমর্থন কামনা
রোমে শেখ হাসিনা-জিউসেপ কৌতে বৈঠক শেষে যৌথ বিবৃতি
২। পোপ ফ্রান্সিসের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ
৩। ইতালি সফর শেষে আগামীকাল দেশে ফিরছেন প্রধানমন্ত্রী
৪। সাইবার অপরাধ রোধে নিজস্ব প্রযুক্তি উদ্ভাবন করুন :
বেসিস সফ্‌ট এক্সপো উদ্বোধন অনুষ্ঠানে তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞদের প্রতি রাষ্ট্রপতি
৫। অনূর্ধ-১৯ ওয়ানডে বিশ্বকাপ ফাইনালে উঠায় বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন
৬। ঢাকা সিটি করপোরেশনের পুনর্নির্বাচনের দাবি নাকচ সেতুমন্ত্রীর
৭। অনুপ্রবেশকারীরা দলে কোনো পদ পাবে না :
রাজশাহীতে দলীয় অনুষ্ঠানে তথ্যমন্ত্রী
৮। বাংলাদেশে আসতে চীনা নাগরিকদের স্বাস্থ্য সনদ লাগবে : স্বাস্থ্যমন্ত্রী
দেশে করোনাভাইরাসের রোগী নেই
৯। চীন থেকে পেঁয়াজ আমদানি বন্ধ হলেও বাজারে প্রভাব পড়বে না : সংবাদসম্মেলনে বাণিজ্যমন্ত্রী
১০। কোনো বাংলাদেশি করোনাভাইরাসে আক্রান্ত হননি : ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত
১১। ২০২৩ সালে দ্বিতীয় স্যাটেলাইট উৎক্ষেপণ : সংসদে টেলিযোগাযোগমন্ত্রী
১২। ভুল প্রশ্নে এসএসসি পরীক্ষা দেওয়া কেউ ক্ষতিগ্রস্ত হবে না : সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী
১৩। ঢাকা-১০, গাইবান্ধা-৩, বাগেরহাট-৪ আসনের উপনির্বাচন ২১ মার্চ : নির্বাচন কমিশনের তফসিল

১। **রোহিঙ্গাদের প্রত্যাবাসনে ইইউর সমর্থন কামনা**

**রোমে শেখ হাসিনা-জিউসেপ কৌতে বৈঠক শেষে যৌথ বিবৃতি**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিরাপদ , মর্যাদাপূর্ণ এবং স্থায়ী প্রত্যাবাসন নিশ্চিত করতে ইতালিসহ ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) দেশগুলোর অব্যাহত সমর্থন প্রত্যাশা করেছেন। 'বাংলাদেশের প্রধানমন্ত্রী ইতালিসহ ইউরোপীয় ইউনিয়নকে রোহিঙ্গা ইস্যুতে সমর্থনে র জন্য ধন্যবাদ জানান। গত ৫ ফেব্রুয়ারি বুধবার ইতালির রোমে বাংলাদেশের প্রধানমন্ত্রী এবং ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কোঁতের মধ্যে অনুষ্ঠিত দ্বিপাক্ষিক বৈঠক শেষে ৯ দফা যৌথ বিবৃতিতে একথা বলাহয়। যৌথ ঘোষণায় বলা হয় , উভয় পক্ষই রোহিঙ্গা সমস্যার বিষয়ে গত ২৩ জানুয়ারি আন্তর্জাতিক আদালতের সিদ্ধান্তকে স্বাগত জানায়। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক আদালতের সিদ্ধান্ত বাস্তবায়নে বিশ্ব সম্প্রদায়ের সমর্থন কামনা করেছেন। বৈঠকে জিউসেপ কোঁতে ইতালির পক্ষ থেকে রোহিঙ্গা সমস্যার সমাধানে বাংলাদেশের পদক্ষেপে সন্তোষ প্র কাশ করেন। তিনি বাংলাদেশের অনুসৃত আতিথেয়তার নীতি অব্যাহত রাখতে এ জরুরি মানবিক অবস্থা মোকাবিলা এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উৎসাহ প্রদানে জাতিসংঘ সংস্থাগুলোর মাধ্যমে ইতালির রাজনৈতিক ও অর্থনৈতিক সহায়তার কথা উল্লেখ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬)।

২। **পোপ ফ্রান্সিসের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) ভ্যাটিকান সিটিতে ক্যাথোলিক খ্রিষ্টানদের আধ্যাত্মিক নেতা পোপ ফ্রান্সিসের সঙ্গে সাক্ষাৎ করেছেন। প্রধানমন্ত্রী সকালে ইতালির রাজধানী রোমের নিকটে অবস্থি ত ভ্যাটিকান সিটিতে যান এবং পোপের সঙ্গে সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রী সেখানে কিছু সময় অবস্থান করেন এবং পোপের সঙ্গে কুশল বিনিময় করেন। সূত্র-**জনকণ্ঠ ( শেষ পৃ,ক.৬)।**

৩। **ইতালি সফর শেষে আগামীকাল দেশে ফিরছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) বিকেলে মিলান পৌঁছেছেন। প্রধানমন্ত্রী স্থানীয় সময় দুপুর ১টা ২০ মিনিটে ট্রেনে রোম থেকে ইতালির মিলান শহরের উদ্দেশে যাত্রা করে স্থানীয় সময় বিকেল ৪টা ৩০ মিনিটে সেখানে পৌঁছেন। মিলান সফরকালে প্রধানমন্ত্রী এক্সেলসিয়ার হোটেল গালিয়ায় অবস্থান করবেন। ৮ ফেব্রুয়ারি তিনি দেশে ফিরবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক. ৫)।

৪। **সাইবার অপরাধ রোধে নিজস্ব প্রযুক্তি উদ্ভাবন করুন :**

**বেসিস সফ্‌ট এক্সপো উদ্বোধন অনুষ্ঠানে তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞদের প্রতি রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সাইবার অপরাধ রোধে অন্যের মুখাপেক্ষী না হয়ে নিজস্ব প্রযুক্তি উদ্ভাবনের ওপর জোর দিয়েছেন। গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) রাজধানীর আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) আয়োজিত 'বেসিস সফ্‌ট এক্সপো ২০২০-এর উদ্বোধনী অনুষ্ঠানে রাষ্ট্রপতি এ গুরুত্বারোপ করেন। দেশের সার্বিক উন্নয়নে যুবসমাজের আইসিটি সম্ভাবনাকে কাজে লাগাতে সংশ্লিষ্ট সবার প্রতি তিনি আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** ( শেষ পৃ,ক.৪)।

৫। **অনূর্ধ-১৯ ওয়ানডে বিশ্বকাপ ফাইনালে উঠায় বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন**

প্রথমবারের মতো অনূর্ধ-১৯ ওয়ানডে বিশ্বকাপ ফাইনালে উঠে ইতিহাস সৃষ্টি করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ক্রিকেট দলকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। বাংলাদেশ অনূর্ধ-১৯ ক্রিকেট দল গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) রাতে দক্ষিণ আফ্রিকার পচেফস্ট্রমে নিউজিল্যান্ডকে ৬ উইকেটে পরাজিত করেছে। ইতালির মিলান থেকে বৃহস্পতিবার এক অভিনন্দন বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'তোমাদের (ক্রিকেট দল) সকলের প্রতি আমার আন্তরিক অভিনন্দন। তোমরা দেশের জন্য সম্মান বয়ে আনায় আমি খুবই আনন্দিত। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

৬। **ঢাকা সিটি করপোরেশনের পুনর্নির্বাচনের দাবি নাকচ সেতুমন্ত্রীর**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি ঢাকা সিটি করপোরেশন নির্বাচনে ফল প্রত্যাখ্যান করে বিএনপির পুনর্নির্বাচনের দাবি নাকচ করে দিয়ে বলেছেন, 'পুনর্নির্বাচন, এটা মামাবাড়ির আবদার। এ নির্বাচনে সন্ত্রাসী কার্যকলাপ হয়েছে এটা কেউ বলবে না। এ নির্বাচনে কারচুপি-জালিয়াতি করার কোনো সুযোগ নেই। কারচুপি যাতে না হয় সেজন্য ইভিএমের ডিজিটাল ব্যবস্থা। গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) ধানমন্ডির আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** ( শেষ পৃ,ক.৪)।

**৭। অনুপ্রবেশকারীরা দলে কোনো পদ পাবে না : রাজশাহীতে দলীয় অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

অনুপ্রবেশকারীরা দলের কোনো পদ-পদবি পাবে না উল্লেখ করে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, দলে অনেক অনুপ্রবেশকারী ঢুকেছে, তাদের বাদ দিতে হবে। বিশেষ করে ২০১৪ সালের পরে যারা দলে যোগ দিয়েছে তাদের পদে রাখা যাবে না। যারা বিদ্রোহী প্রার্থীর পক্ষে কাজ করেছে তাদের গুরুত্বপূর্ণ পদে রাখা যাবে না। গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) রাজশাহী জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে জেলা আওয়ামী লীগের প্রতিনিধি সভায় প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ এসব কথা বলেন। সম্প্রতি অনুষ্ঠিত ঢাকা সিটি নির্বাচন নিয়ে তিনি বলেন, ঢাকা সিটি নির্বাচন অনেক ভাল হয়েছে। শান্তিপূর্ণ ভোট অনুষ্ঠানের জন্য ধন্যবাদ পাওয়ার যোগ্য নির্বাচন কমিশন। সূত্র-**জনকণ্ঠ** ( শেষ পৃ,ক. ৬)।

**৮। বাংলাদেশে আসতে চীনা নাগরিকদের স্বাস্থ্য সনদ লাগবে : স্বাস্থ্যমন্ত্রী**
**দেশে করোনাভাইরাসের রোগী নেই**

বাংলাদেশে আসার জন্য সব চীনা নাগরিকের স্বাস্থ্য (ফিটনেস) সনদ লাগবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে করোনাভাইরাস নিয়ে আয়োজিত সংবাদসম্মেলনে তিনি বলেন, করোনাভাইরাস সংক্রমণ নিয়ে অধিক সতর্কতার জন্য চীনের উহান থেকে বাংলাদেশে আসা চীনের নাগরিকদের অন-অ্যারাইভাল ভিসা সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। একইসঙ্গে বাংলাদেশে আসার জন্য যারা সাধারণ ভিসার আবেদন করবেন, তাদেরও ফিটনেস সার্টিফিকেট জমা দিতে হবে। দেশে বর্তমানে একজনও করোনাভাইরাসের রোগী নেই। এ ভাইরাস প্রতিরোধে বাংলাদেশ প্রস্তুত রয়েছে। মন্ত্রী আরো বলেন, জাপান সরকার খুব শিগগির বাংলাদেশকে ৭০ লাখ মাস্ক বিনামূল্যে প্রদান করবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৩ ),

**৯। চীন থেকে পেঁয়াজ আমদানি বন্ধ হলেও বাজারে প্রভাব পড়বে না : সংবাদসম্মেলনে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, করোনা ভাইরাসের প্রভাবে দেশে পেঁয়াজের দাম বাড়বে না। চীন থেকে কম পরিমাণ পেঁয়াজ আমদানি হচ্ছে। তাই চীন থেকে পেঁয়াজ আমদানি বন্ধ হলেও বাজারে কোনো প্রভাব পড়বে না। তিনি আরও বলেন, চীনের করোনা ভাইরাসের কারণে দেশের ব্যবসা-বাণিজ্য বাধাগ্রস্ত হচ্ছে কিনা তা সরকারের পর্যবেক্ষণে রয়েছে। গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) সচিবালয় এক সংবাদসম্মেলনে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এসব কথা বলেন। এর আগে বাণিজ্য সচিব ড. মো. জাফর উদ্দিন করোনা ভাইরাসের প্রভাবে ব্যবসা-বাণিজ্যে কি ধরনের নেতিবাচক প্রভাব পড়তে পারে তা নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে বৈঠক করেন। এদিকে, করোনা ভাইরাসের প্রভাবের বিষয়ে আগামী তিন দিনের মধ্যে স্টেকহোল্ডারের কাছে একটি প্রতিবেদন চেয়েছেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** ( শেষ পৃ,ক. ৭)।

**১০। কোনো বাংলাদেশি করনোভাইরাসে আক্রান্ত হননি : ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত**

ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত লি জিমিং বলেছেন , বাংলাদেশে কোনো চীনা নাগরিক এবং চীনে কোনো বাংলাদেশি নাগরিক করোনা ভাইরাসে আক্রান্ত হননি। এক্ষেত্রে গুজব ছড়ানো থেকে সবাইকে বিরত থাকা উচিত। গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) ঢাকায় চীনা দূতাবাসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশে কর্মরত চীনা নাগরিকদের পরিস্থিতি উন্নতি হওয়ার আগ পর্যন্ত চীন ভ্রমণ না করার জন্য পরামর্শ দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২ )।

**১১। ২০২৩ সালে দ্বিতীয় স্যাটেলাইট উৎক্ষেপণ : সংসদে টেলিযোগাযোগমন্ত্রী**

দেশের দ্বিতীয় স্যাটেলাইট ২০২৩ সালের মধ্যে উৎক্ষেপণের লক্ষ্য নির্ধারণ করে কর্মপরিকল্পনা গ্রহণ করা হচ্ছে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার। গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে এ কথা জানান তিনি। মন্ত্রী বলেন, দেশের দ্বিতীয় স্যাটেলাইট কী প্রকারের হবে এবং এর দ্বারা কী কী সেবা দেয়া হবে তা নির্ধারণের জন্য স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনা ও আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক. ৪)।

**১২। ভুল প্রশ্নে এসএসসি পরীক্ষা দেওয়া কেউ ক্ষতিগ্রস্ত হবে না : সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী**

ভুল প্রশ্নে পরীক্ষা দেওয়া কোনো পরীক্ষার্থীই ক্ষতিগ্রস্ত হবে না। এসএসসি ও সমমান পরীক্ষার সেসব খাতা শনাক্ত করে আলাদা করার নির্দেশ দেওয়া হয়েছে। বিশেষভাবে তা মূল্যায়ন করা হবে। চলমান মাধ্যমিক ও সমমান পরী ক্ষায় দেশের বিভিন্ন স্থানে ভুল প্রশ্নপত্র সরবরাহ করার ঘটনার পরিপ্রেক্ষিতে শিক্ষামন্ত্রী ডা . দীপু মনি গতকাল (৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) নিজ মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানান। শিক্ষামন্ত্রী বলেন , গাইড বইয়ের অনেক প্রশ্ন কমন পড়তে পারে, তবে তা হুবহু মিলতে পারে না, তাই বিষয়টি গুরুত্ব দিয়ে তদন্ত করা হচ্ছে। অপরাধ শনাক্ত করার পর সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৪ )।

**১৩। ঢাকা-১০, গাইবান্ধা-৩, বাগেরহাট-৪ আসনের উপনির্বাচন ২১ মার্চ : নির্বাচন কমিশনের তফসিল**

ঢাকা-১০, গাইবান্ধা-৩ ও বাগেরহাট-৪ আসনের উপনির্বাচন আগামী ২১ মার্চ। নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল অনুযায়ী, তিন আসনের উপনির্বাচনে ১৯ ফেব্রুয়ারি মনোনয়নপত্র দাখিলের শেষ সময়, ২৩ ফেব্রুয়ারি মনোনয়নপত্র বাছাই, ২৪ থেকে ২৬ ফেব্রুয়ারি আপিল, আপিল নিষ্পত্তি ২৮ ফেব্রুয়ারি। ২৯ ফেব্রুয়ারি প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় এবং প্রতীক বরাদ্দ ১ মার্চ আর ভোটগ্রহণ হবে ২১ মার্চ। বৃহস্পতিবার কমিশন সভা শেষে ইসির সিনিয়র সচিব মো. আলমগীর এ তফসিল ঘোষণার কথা জানান। তিনি বলেন, তিন উপনির্বাচনের মধ্যে কেবল ঢাকায় ইভিএমে ভোট হবে। সূত্র-**ইত্তেফাক** ( শেষ পৃ,ক.৪)।

#

মরজিনা/মাসুম/২০২০/৯.০০ঘন্টা